রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জানুয়ারি ১৫, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মহানগর দায়রা জজ এবং**

**পদাধিকারবলে**

**মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব মোঃ জাজাউল হক মুন্সী জুন্নু এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করিবার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ১৮-০১-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

**তফসিল**

| ক্রমিক নং | পলাতক আসামীর নাম ও ঠিকানা | মামলার নম্বর ও ধারা |
|---|---|---|
| ১ | জনাব মোঃ জাজাউল হক মুন্সী জুন্নু (৪৭) কার্য তদারককারী মান-২, ডিজাইন শাখা, এনেক্স ভবন, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা, পিতা-মৃত জুলফিকার আলী মুন্সী, মাতা-নুরজাহান বেগম, স্থায়ী ঠিকানা : গ্রাম-কলপুর ডাকঘর-বৌলতলী, থানা+জেলা-গোপালগঞ্জ। | মেট্রোঃ বিশেষ মামলা নং-১৩১/১৭<br>সূত্র : মতিঝিল (ডিএমপি) থানার মামলা নং-২২<br>তারিখ : ১৫-১২-১৫ খ্রিঃ<br>ধারা : দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৭(১)। |

**মোঃ কামরুল হোসেন মোল্লা**
মহানগর দায়রা জজ এবং
পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য : টাকা ৪.০০**